



উপাচার্যের সাথে ভারতীয় হাইকমিশনের শিক্ষা বিষয়ক উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের সৌজন্য সাক্ষাৎ



২৮ মে ২০২৪-মঙ্গলবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি এর সাথে তাঁর কার্যালয়ে ভারতীয় হাইকমিশন, ঢাকার সেকেন্ড সেক্রেটারি (শিক্ষা) জনাব রাজেন্দ্র সিংহ এবং এটাচে (শিক্ষা) জনাব জয়ন্ত বকশি সৌজন্য সাক্ষাৎ করেন।

এসময় উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, প্রক্টর অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসাইন, পরিচালক (পিআরআইপি) জনাব মোঃ তানভীর আহসান এবং পরিচালক (বহিরাঙ্গণ) ড. মোঃ আব্দুল মালেকসহ অন্যান্যরা।

এসময় উপাচার্য মহোদয় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বর্তমান অবস্থা, শিক্ষক-শিক্ষার্থী, নতুন ক্যাম্পাসের উন্নয়নের অগ্রগতি এবং বিভিন্ন উদ্যোগ নিয়ে আলোচনা করেন। তিনি ভারতের বিভিন্ন প্রখ্যাত উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের সাথে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক এবং গবেষণা বিষয়ে সৌহার্দমূলক এবং যৌথ কর্মকাণ্ড পরিচালনায় ভারতীয় হাইকমিশনের মাধ্যমে ভারত সরকারের সহযোগিতা কামনা করেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



অতিথিবৃন্দ উপাচার্যের বিভিন্ন উদ্যোগ এবং বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক কর্মকাণ্ডের ভূয়সী প্রশংসা করেন। একইসাথে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাথে ভারতীয় হাইকমিশনের মাধ্যমে ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরসহ বিভিন্ন ধরনের সহযোগিতামূলক কার্যক্রমের সুযোগ সৃষ্টিতে আশ্বাস এবং এবিষয়ে যৌথ উদ্যোগে কাজ করার আগ্রহ প্রকাশ করেন।

পরে উপাচার্যসহ অতিথিবৃন্দ পোগোজ ল্যাবরেটরি স্কুল প্রাঙ্গণে স্বামী বিবেকানন্দ স্মৃতিফলক পরিদর্শন করেন। এসময় অতিথিবৃন্দ উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম-কে এই বিশ্ববিদ্যালয়ে বিবেকানন্দ চেয়ার স্থাপন করার জন্য আহ্বান জানান এবং এপ্রেক্ষিতে ভারতীয় হাইকমিশনের পক্ষ থেকে সর্বাঙ্গিক সহযোগিতা প্রদানের প্রতিশ্রুতি ব্যক্ত করেন।